

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৫৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাম

আরবী

وَعَن غَالب قَالَ:

إِنَّا لَجُلُوسٌ بِبَابِ الْحَسَنِ الْبَصْرِيِّ إِذْ جَاءَ رَجُلٌ فَقَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ جَدِّي قَالَ: وَسُلَّمَ فَقَالَ: ائتيه فَأَقْرِبُهُ السَّلَامَ. قَالَ: فَأَتْنِي أَبِي إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: ائتيه فَأَقْرِبُهُ السَّلَامَ. قَالَ: فَأَتَيْتُهُ

فَقُلْتُ: أَبِي يُقْرِئُكَ السَّلَامَ. فَقَالَ: عَلَيْكَ وَعَلَى أَبِيكَ السَّلَامُ. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৬৫৫-[২৮] গালিব (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমরা হাসান বাসরী-এর দরজায় বসেছিলাম। তখন জনৈক ব্যক্তি এসে বলল : আমার পিতা আমার পিতামহ হতে হাদীস বর্ণনা করেন যে, (আমার পিতামহ বললেনঃ) আমার পিতা একবার আমাকে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে পাঠালেন এবং বললেনঃ তুমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে উপস্থিত হয়ে আমার সালাম পৌঁছাবে। আমার পিতামহ বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে উপস্থিত হয়ে জিজ্ঞেস করলাম, আমার পিতা আপনাকে সালাম জানিয়েছেন। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জবাবে বললেনঃ غَلَيْكُ السَّلَامُ . "তোমার এবং তোমার পিতার ওপর শান্তি বর্ষিত হোক"। (আবূ দাউদ)[1]

ফটনোট

[1] হাসান : আবূ দাউদ ৫২৩১, ইবনু আবূ শায়বাহ্ ২৫৬৯১, শু'আবুল ঈমান ৮৯২০, 'বায়হাকী'র কুবরা ১৩৪৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আবৃ দাঊদ-এর ভাষ্যকার ফাতহুল ওয়াদূদে বলেন, এ হাদীস থেকে প্রতীয়মান হয় যে, সালামের



বাহককেও জবাব দেয়া যায়। আবার 'আয়িশাহ্ (রাঃ)-এর একটি বর্ণনায় পাওয়া যায় যে, শুধুমাত্র সালাম প্রেরণকারীকে সালামের জবাব দিয়েছেন। যেমন হাদীসে এসেছে, ان النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال لها الله جبريل يقرأ عليك السلام فقالت وعليه السلام ورحمة الله বললেন, জিবরীল (আ.) তোমাকে সালাম দিয়েছেন। তখন তিনি বললেন, الله ورحمة الله ورحمة الله হাঃ ৫২২৩)

এক্ষণে দুই হাদীসের সমাধানে বলা যায়, সালামের বাহক ও প্রেরণকারীকে উত্তর দেয়া মুস্তাহাব। আর শুধুমাত্র প্রেরণককে সালামের উত্তর দেয়া জায়িয। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৫২২২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ গালিব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন